

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫০

পর্ব - ১% পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০. হায়িয (ঋতুস্রাব) সংক্রান্ত - নিফাস ওয়ালী মহিলা সালাত ও সওম হতে বিরত থাকার সময়সীমা

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَتِ النُّفَسَاءُ تَقْعُدُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ بَعْدَ نِفَاسِهَا أَرْبَعِينَ. رَوَاهُ الْخَمْسَةُ إِلَّا النَّسَائِيَّ, وَاللَّفْظُ لِأَبِي دَاوُدَ وَفِي لَفْظٍ لَهُ: وَلَمْ يَأْمُرْهَا النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ بِقَضَاءِ صَلَاةِ النِّفَاسِ. وَصَحَحَهُ الْحَاكِمُ

ضعيف. رواه أبو داود (311)، والترمذي (139)، وابن ماجه (648)، وأحمد (6/ 300) وقال الترمذي: غريب ضعيف. كسابقه، وهو عند أبي داود (312)، والحاكم (175)

বাংলা

১৫০। উম্মু সালামাহ থেকে বর্ণিত। তিনি বলেন, "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে নিফাসের প্রেসবোত্তর স্রাব) জন্য (দীর্ঘ মেয়াদ হিসাবে) মেয়েরা চল্লিশ দিন (সালাত ও সওম ইত্যাদি হতে) অপেক্ষমান থাকতেন"। শব্দ বিন্যাস আবৃ দাউদের।[1]

আবূ দাউদের শব্দে আরও আছে, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিফাসের অবস্থায় সালাত কাযা পড়বার আদেশ তাদের করতেন না'। হাকিম হাদীসটি সহীহ বলেছেন।[2]

English

Narrated Umm Salamah (RAA):



During the lifetime of the Prophet (Peace be upon him) the women having bleeding after delivery (postnatal or puerperal blood) would refrain (from prayer) for forty days. [Reported by Al-Khamsa except An-Nasa'i, and the version is that of Abu Da'ud].

In another version of Abu Da'ud:

"The Prophet (Peace be upon him) did not command her to repeat the prayers (missed during the period of bleeding)."

ফুটনোট

[1] যঈফ। আবু দাউদ ৩১১; তিরমিয়ী ১৩৯; ইবনু মাজাহ ৬৪৮; আহমাদ ৬/৩০০; ইমাম তিরমিয়ী বলেন: হাদীসটি গরীব'। ইমাম বাইহাকী তাঁর সুনান আল কুবরা গ্রন্থে (১/৩৪১) বলেন, হাদীসটি মাহফুয বা সংরক্ষিত নয়। ইবনুল কীসরানী তাঁর মা'রিফাতুত তাযকিরাহ (১৮০) গ্রন্থে বলেন, এর সনদে কাসীর বিন যিয়াদ রয়েছে, সে কিছু হাদীস এলোমেলোভাবে বর্ণনা করেছেন। পক্ষান্তরে শাইখ আলবানী সহীহ আবু দাউদ (৩১১) গ্রন্থে হাদীসটিকে হাসান সহীহ বলেছেন। মুহাদ্দিস আয়ীমাবাদী তাঁর গায়াতুল মাকসূদ (৩/১৩১) গ্রন্থে ও বিন বায তাঁর হাশিয়া বুলুগুল মারাম (১৪৫) গ্রন্থে এর শাহেদ থাকার কথা বলেছেন। ইবনুল কাইয়্যিম তাঁর যাদুল মা'আদ (৪/৩৬৯) গ্রন্থে হাদীসটিকে সহীহ বলেছেন। শাইখ আলবানী ইরওয়াউল গালীল (২০১) গ্রন্থে হাদীসটিকে হাসান বলেছেন। ইমাম বুখারী তাঁর ইলালুল কাবীর (১২৬) গ্রন্থে বলেন, আশাকরি হাদীসটি মাহফূয।

[2] যঈফ। আবু দাউদ ৩১২; হা. ১৭৫

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন